গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রশাসন অধিশাখা
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি
www.chtdb.gov.bd

স্মারক নম্বর : ২৯.৩১.০০০০.০০৭.১৮.০০১.২২- ১৩০

তারিখ : ০৯ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২২ খ্রিঃ

## অফিস আদেশ

সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর অনুচ্ছেদের ২৬০ নং নির্দেশ, এটুআই প্রোগ্রামের সেবা পদ্ধতি সহজিকরণ (Service Process Simplification) বাস্তবায়ন বিষয়ক নির্দেশনা ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সাথে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ/মিলনায়তন/ডাইনিং হল বরাদ্দকরণের ক্ষেত্রে সেবা সহজিকরণ করে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো :

ক) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ/মিলনায়তন/ডাইনিং হল বরাদ্দ পাওয়ার ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশাবলী মেনে চলতে হবে :

### নির্দেশাবলী

১। বোর্ডের নির্ধারিত **'কর্ণফুলী সম্মেলন কক্ষ/মাইনী মিলনায়তন/ডাইনিং হল ব্যবহারের আবেদন ফরম'** শীর্ষক ফরমে প্রয়োজনীয় তথ্য পূরণ করে সরাসরি/ই-মেইলের (ma@chtdb.gov.bd) মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন ফরম বোর্ডের ওয়েবসাইট www.chtdb.gov.bd থেকে 'আমাদের সেবা'য় ম্যানুতে গিয়ে সম্মেলন কক্ষ/মিলনায়তন বরাদ্দকরণ হতে ডাউনলোড করে নিতে হবে।

২। কর্ণফুলী সম্মেলন কক্ষ/মাইনী মিলনায়তন/ডাইনিং হলের জন্য নির্ধারিত ভাড়া (ভ্যাটসহ) নগদে অগ্রিম পরিশোধ সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হবে। তবে, চেকের মাধ্যমে পরিশোধ করতে ইচ্ছুক হলে মূল ভাড়া **'সদস্য-প্রশাসন, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড'**-এর নামে চেকে প্রদান করতে হবে এবং সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য ১৫% ভ্যাট কোড নং ১ ১ ১ ৩ ৩ ০ ০ ২ ৫ ০ ৩ ১ ১-এ ট্রেজারি চালানের মাধ্যমে জমাদানপূর্বক চালানের কপি এ অফিসকে জমা প্রদান করতে হবে।

৩। বোর্ডের কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত মিলনায়তনের ইলেকট্রিক্যাল সামগ্রী পরিচালনা করা যাবে না।

৪। 'কর্ণফুলী সম্মেলন কক্ষ/মাইনী মিলনায়তন/ডাইনিং হল'-এর দেয়ালে নির্ধারিত জায়গা ব্যতীত অন্য কোন জায়গায় স্কচ-টেপ/গাম দিয়ে পোস্টার/ব্যানার টাঙ্গানো যাবে না।

৫। বরাদ্দ গ্রহণকারী সংস্থা কর্তৃক কর্ণফুলী সম্মেলন কক্ষ/মাইনী মিলনায়তন/ডাইনিং হল-এর আসবাবপত্র বা ইলেকট্রিক্যাল সামগ্রী বা অন্য কোন মালামাল যে অবস্থায় আছে তা' বুঝে নিবেন এবং উক্ত সামগ্রীর কোন প্রকার ক্ষতি সাধিত হলে বরাদ্দ গ্রহণকারী সংস্থা/সংগঠন সংশ্লিষ্ট সামগ্রীর ক্ষতিপূরণ প্রদান করতে বাধ্য থাকবেন।

৬। কর্ণফুলী সম্মেলন কক্ষ/মাইনী মিলনায়তন-এ দুপুরের বা রাতের খাবার খাওয়া যাবে না। হাল্কা খাবার পরিবেশন করলে উচ্ছিষ্ট অংশ/বর্জ্য নির্দিষ্ট স্থানে রাখতে হবে এবং নিজ দায়িত্বে পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে।

৭। কর্ণফুলী সম্মেলন কক্ষ/মাইনী মিলনায়তন/ডাইনিং হল-এর ইলেকট্রিক্যাল সামগ্রীর কোন ত্রুটি পরিলক্ষিত হলে বোর্ডের ইলেকট্রিশিয়ান -এর সাথে ০১৬০৯-৬৪৭০৯৮ এ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৮। প্রয়োজনে বোর্ডের 'সহকারী পরিচালক (প্রশাসন)'-এর দাপ্তরিক টেলিফোন নম্বর : ০৩৫১-৬১১৬৯/ মোবাইল নম্বর : ০১৬০৯৬৪৭০১২ -এ যোগাযোগ করা যাবে।

খ) নিম্নরূপভাবে প্রসেস ম্যাপ অনুসারে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ/মিলনায়তন বরাদ্দ প্রদান করা হবে :

# সেবা প্রদানের প্রসেস ম্যাপ

১. নির্ধারিত ছকে সদস্য-প্রশাসন বরাবরে আবেদনকারী কর্তৃক আবেদন দাখিল

২. সদস্য-প্রশাসন -এর অনুমোদিত/ নির্দেশনা সম্বলিত আবেদনটি উপ-পরিচালকের নিকট প্রেরণ।

না হলে জানিয়ে দেয়া হবে।

হ্যাঁ হলে পরবর্তী ধাপ অনুসরণ করা হবে।

৩. উপপরিচালক হতে সহকারী পরিচালকের নিকট প্রেরণ।

৪. সহকারী পরিচালক হতে অফিস সহকারী কাম-কম্পিটার-মুদ্রাক্ষরিকের নিকট প্রেরণ।

৫. অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক কর্তৃক পত্রের খসড়াসহ নথিটি সহকারী পরিচালক বরাবরে প্রেরণ।

৬. পত্র স্বাক্ষরপূর্বক জারি করে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকের নিকট প্রেরণ।

৭. নগদে/চেকে ভাড়া গ্রহণ সাপেক্ষে ব্যবহারের সুযোগ প্রদান

গ) বোর্ডের নির্ধারিত আবেদন ফরমে (বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে) নিম্নরূপ :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রশাসন অধিশাখা
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি
www.chtdb.gov.bd

**কর্ণফুলী সম্মেলন কক্ষ/মাইনী মিলনায়তন/ডাইনিং হল ব্যবহারের আবেদন ফরম**

১। আয়োজক সংস্থা/সংগঠনের নাম: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
সংস্থা/সংগঠন-এর রেজিস্ট্রেশন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে): ... ... ... ... ... ... ... ... ... .. .. ... আনুমানিক অংশগ্রহণকারী ... ... ... ... ... জন
সংস্থা/সংগঠন-এর টেলিফোন নম্বর: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... মোবাইল নম্বর: ... ... ... ... ... ... ... ......

২। আবেদনকারীর নাম: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... .. .. জাতীয় পরিচয়পত্র নম্বর: ... ... ... ... ... ... ... ...
পদবি: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ই-মেইল: ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
টেলিফোন নম্বর: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... মোবাইল নম্বর: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

৩। সংস্থা/সংগঠন প্রধানের নাম: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

৪। পদবি: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ই-মেইল: ... ... ... ... ... ... ... ... ... ... ...

৫। টেলিফোন নম্বর: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... মোবাইল নম্বর: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

৬। প্রস্তাবিত অনুষ্ঠানের ধরণ (টিকচিহ্ন দিন): ☐সাংস্কৃতিক অনুষ্ঠান ☐নাটক ☐সম্মাননা প্রদান ☐পুরস্কার প্রদান ☐গ্রন্থের প্রকাশনা ☐সেমিনার ☐ সিম্পোজিয়াম ☐ ওয়ার্কশপ ☐ প্রদর্শনী উদ্বোধনী ☐ প্রদর্শনী সমাপ্তি ☐ অন্যান্য... ... ... ... ...............................................
( প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন)
অনুষ্ঠানের শিরোনাম: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

৭। অনুষ্ঠানের তারিখ: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... পরিবর্তিত তারিখ: ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

৮। অনুষ্ঠানের সময় : .... .... .... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... (সকাল ১০:৩০ ঘটিকা হতে রাত ০৮:৩০ ঘটিকার মধ্যে)

৯। অনুষ্ঠানের দিন (টিকচিহ্ন দিন): ☐ রবিবার ☐ সোমবার ☐ মঙ্গলবার ☐ বুধবার ☐ বৃহস্পতিবার ☐ শুক্রবার ☐ শনিবার

১০। ভাড়ার পরিমাণ (সরকারি বিধি মোতাবেক ১৫% ভ্যাটসহ) : ☐ কর্ণফুলী সম্মেলন কক্ষ-(১০,০০০+১,৫০০)=১১,৫০০ টাকা
☐ মাইনী মিলনায়তন-(১৫,০০০+২,২৫০)=১৭,২৫০ টাকা ☐ ডাইনিং হল (দুপুরের খাবারের জন্য)-(২,০০০+৩০০)=২,৩০০ টাকা

১১। প্রধান অতিথি: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

১২। বিশেষ অতিথি: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..

১৩। বিদেশী নাগরিক অনুষ্ঠানে থাকবেন কি না? (টিকচিহ্ন দিন): ☐ হ্যাঁ ☐ না (উত্তর হ্যাঁ হলে অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে)

সদস্য-প্রশাসন
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
রাঙ্গামাটি

মহোদয়,
যথাযথ সম্মানসহ আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বিভিন্ন ক্রমিকে পূরণকৃত সকল তথ্য সম্পূর্ণ সত্য। এছাড়াও কর্ণফুলী সম্মেলন কক্ষ/মাইনী মিলনায়তন/ডাইনিং হল ব্যবহারের নির্দেশাবলী সম্যক অবগত হয়ে উক্ত তথ্যাদি প্রদান করলাম। সেই সাথে নির্দেশাবলী মেনে চলতে বাধ্য থাকব এবং কর্তৃপক্ষের চাহিদানুযায়ী অন্য কোন বিষয় বা তথ্য অনতিবিলম্বে কর্তৃপক্ষকে দিতে বাধ্য থাকব। অধিকন্তু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সরকারি প্রতিষ্ঠান, কোন ব্যক্তি, সংস্থা, সংগঠনকে রাজনৈতিকভাবে আক্রমণ এবং ধর্মীয় অনুভূতি বা বিশেষ গোষ্ঠীকে আক্রমণের অভিপ্রায় নেই।

উপর্যুক্ত তথ্যের আলোকে বোর্ডের বর্ণিত কক্ষ ব্যবহার সংক্রান্ত নির্দেশাবলী সম্যক অবহিত হয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড-এর কর্ণফুলী সম্মেলন কক্ষ/মাইনী মিলনায়তন/ডাইনিং হল-এর উল্লিখিত অনুষ্ঠান আয়োজনের জন্য বরাদ্দ প্রদান করলে বাধিত থাকব।

বিনীত নিবেদক

স্বাক্ষর : ... ... ... ... ... ... ... ...
তারিখ : ... ... ... ... ... ... ... ...

ঘ) নিম্নরূপভাবে পূর্বের সেবাদান পদ্ধতি (প্রসেস ম্যাপ) এতদ্বারা বাতিল করা হলো :

## বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)



২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা' অবিলম্বে কার্যকর হবে।

(ইফতেখার আহমেদ)
(যুগ্মসচিব)
সদস্য-প্রশাসন
☎ ০৩৫১-৬২১৩৪
✉ ma@chtdb.gov.bd

স্মারক নম্বর : ২৯.৩১.০০০০.০০৭.১৮.০০১.২২ - ৯৬৩

তারিখ : ০৯ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) -

১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
৩. ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
৪. যুগ্মসচিব (সংযুক্ত), ই-গভর্নেন্স অধিশাখা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : উপসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, সংস্কার অনুবিভাগ)
৫. প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৬. সদস্য-বাস্তবায়ন/সদস্য-অর্থ/সদস্য-পরিকল্পনা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
৭. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. জেলা প্রশাসক, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা
৯. নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান
১০. হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী পরিচালক (প্রশাসন)/জনসংযোগ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা/বাজেট ও অডিট অফিসার/পরিকল্পনা কর্মকর্তা/সমন্বয় কর্মকর্তা/তথ্য অফিসার, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি/বান্দরবান
১১. এস্টেট ইন্সপেক্টর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১২. হিসাব রক্ষক/ক্যাশিয়ার-কাম-রেন্ট-কালেক্টর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১৩. অফিস কপি
১৪.

(ইফতেখার আহমেদ)
(যুগ্মসচিব)
সদস্য-প্রশাসন
☎ ০৩৫১-৬২১৩৪
✉ ma@chtdb.gov.bd